



গণগ্রন্থাগার প্রাঙ্গণে চলছে স্বাধীনতা বইমেলা

নিরঙ্কুশ বাতী পরিবেশক : দেশে বইয়ের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে আলোকিত মানুষ গড়া ও মানব সম্পদ উন্নয়নের প্রয়াসে গণগ্রন্থাগার অধিদপ্তর 'স্বাধীনতা বইমেলা'র আয়োজন করেছে। ২৭শে মার্চ থেকে এ বইমেলা শুরু হয়েছে। ১৪ই এপ্রিল পর্যন্ত এ বইমেলা চলবে। শাহবাগের কেন্দ্রীয় লাইব্রেরি প্রাঙ্গণে এ মেলা অনুষ্ঠিত হচ্ছে।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং জাতীয় গ্রন্থবর্ষ উপলক্ষে সংস্কৃতি মন্ত্রণালয়ের উদ্যোগে গণগ্রন্থাগার আয়োজিত এ বইমেলায় দর্শক সমাগম কম। তারপরও প্রকাশকরা তাদের পাঠের পয়সা খরচ করে মেলায় অংশগ্রহণ করেছেন। তবে তারা জানিয়েছেন, বাংলা একাডেমীর তুলনায় এখানে তাদের স্টল ভাড়া অনেক কম দিতে হয়েছে। পাশাপাশি তারা আরও রপোলীনে, উদ্যোক্তাদের পরিকল্পনার অভাবে এ বইমেলা পাঠকদের মধ্যে আবেদন সৃষ্টি করতে পারছে না।

প্রকাশকদের এ অভিযোগের যথার্থতা উদ্যোক্তাদের হস্তকা থেকেও পাওয়া গেছে। গতকাল দেশের বিভিন্ন জাতীয় দৈনিকের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়কালে গণগ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক এন ইসহাক জুইয়া জানান, আমরা এবারই প্রথম এ মেলায় আয়োজন করেছি। তাছাড়া আমাদের বাজেট খুব বেশি নয়। এখন পর্যন্ত স্টল ভাড়া ব্যবস প্রকাশকদের কাছ থেকে যে অর্থ পাওয়া গেছে তা দিয়েই ব্যয় নির্বাহ করা হচ্ছে। তবে আমরা চেষ্টা করছি মেলায় যাতে পাঠকদের আকৃষ্ট করা যায়। এজন্য আমরা ইতোমধ্যে কিছু উদ্যোগ গ্রহণ করেছি।

গণগ্রন্থাগারের উদ্যোগে এবারই প্রথম 'স্বাধীনতা বইমেলা' শীর্ষক এ বইমেলায় আয়োজন করা হয়েছে। উদ্যোক্তারা জানিয়েছেন, তারা প্রতিবছরই এ বইমেলায় আয়োজন করবেন। প্রথমবারের মতো আয়োজিত এ স্বাধীনতা বইমেলায় ৫৫টি বেসরকারি প্রকাশনা প্রতিষ্ঠান, ১টি পাবনাভিত্তিক প্রতিষ্ঠান, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এবং প্রস্তুতকৃত অধিদপ্তর অংশগ্রহণ করেছে। ২৭শে মার্চ সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান এ মেলায় উদ্বোধন করেন।

অনুপম প্রকাশনীর স্বত্বাধিকারী মিলন নাথ জানান, এভাবে যত বেশি মেলা অনুষ্ঠিত হবে ত ত আমরা প্রকাশকরা উৎসাহিত হব। মেলা আয়োজনের মাধ্যমে আরও বেশি পাঠক সৃষ্টি হবে, যা গোটা দেশ ও জাতির জন্য মঙ্গলজনক।

গণগ্রন্থাগার আয়োজিত মেলায় 'দেশ গঠনে গ্রন্থ' ও গ্রন্থাগারের ভূমিক', 'আর্থ-সামাজিক উন্নয়নে গ্রন্থাগার' ও 'গণগ্রন্থাগার : জনগণের বিশ্ববিদ্যালয়' শীর্ষক তিনটি সেমিনারের আয়োজন করেছে। ৮, ১০ ও ১১ এপ্রিল সেমিনার তিনটি অনুষ্ঠিত হবে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।